যুদ্ধবিমান ধ্বংস হলেও আলোচনায় প্রভাব পড়বে না: ট্রাম্প





ইরানের হামলায় মার্কিন যুদ্ধবিমান ধ্বংস হলেও দেশটির সঙ্গে চলমান কূটনৈতিক আলোচনায় কোনও প্রভাব পড়বে না বলে নিশ্চিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: রয়টার্স

ইরানের হামলায় একটি মার্কিন যুদ্ধবিমান ক্ষতিগ্রস্ত হলেও তেহরানের সঙ্গে চলমান কূটনৈতিক আলোচনা এতে বাধাগ্রস্ত হবে না বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি এনবিসি নিউজকে বলেন, বিষয়টি যুদ্ধ পরিস্থিতির অংশ এবং এ নিয়ে অতিরিক্ত প্রতিক্রিয়ার সুযোগ নেই।

এদিকে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের দাবি, হরমুজ প্রণালির কাছে একটি মার্কিন এ-১০ যুদ্ধবিমান ভূপাতিত করেছে তেহরান। এ ধরনের বিমান মূলত স্থল লক্ষ্যবস্তুতে আঘাত হানার কাজে ব্যবহৃত হয়।

অন্যদিকে সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, ভূপাতিত একটি বিমান থেকে একজন ক্রু সদস্যকে জীবিত উদ্ধার করা হয়েছে এবং তিনি বর্তমানে চিকিৎসাধীন। তবে আরেকজনের অবস্থান এখনো নিশ্চিত নয়। একই সঙ্গে ধ্বংসাবশেষের ছবি বিশ্লেষণে এটি এফ-১৫ ধরনের বিমানের সঙ্গে মিল থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে।

ওয়াল স্ট্রিট জার্নাল ও অ্যাক্সিওস জানিয়েছে, ঘটনার পর উদ্ধার অভিযান চলমান রয়েছে। তবে মার্কিন প্রতিরক্ষা দপ্তর বা হোয়াইট হাউস এখনো পাইলটদের বিষয়ে আনুষ্ঠানিক কোনো মন্তব্য দেয়নি।

সূত্র: এনডিটিভি